গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
উন্নয়ন-৩ শাখা
www.shed.gov.bd

বিষয়: শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন শিক্ষা প্রকৌশল অধিদপ্তর কর্তৃক রাজস্ব বাজেটের আওতায় সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান নির্মাণ/ সম্প্রসারণ/ মেরামত ও সংস্কার/আসবাবপত্র সরবরাহ কাজের জন্য শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা প্রণয়নের লক্ষ্যে নির্দেশিকা।

## ১। পটভূমি:

### ১.১। ভূমিকা:

সবার জন্য মানসম্মত শিক্ষা এবং সাধারণ, বিজ্ঞান ও প্রযুক্তিভিত্তিক শিক্ষা ও প্রশিক্ষণের সমন্বয়ে সুশিক্ষিত, দক্ষ ও উন্নত নৈতিকতা সম্পন্ন মানব সম্পদ সৃষ্টির উদ্দেশ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ মাধ্যমিক স্তর হতে উচ্চ শিক্ষা পর্যন্ত স্মার্ট শিক্ষা ব্যবস্থা প্রতিষ্ঠার লক্ষ্যে কাজ করে যাচ্ছে। মানসম্মত শিক্ষা নিশ্চিতকল্পে শিক্ষার পরিবেশ তথা অবকাঠামো উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ আবশ্যক। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন শিক্ষা প্রকৌশল অধিদপ্তর মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, ডিগ্রি (অনার্স) কলেজ, মাস্টার্স কলেজ, শিক্ষক প্রশিক্ষণ কলেজসহ ২৫,০০০ এর অধিক শিক্ষা প্রতিষ্ঠান অনুন্নয়ন বাজেটের আওতায় শিক্ষা প্রতিষ্ঠান নির্মাণ /সম্প্রসারণ/ মেরামত ও সংস্কার/আসবাবপত্র সরবরাহ করে আসছে। রাজস্ব বাজেটের সীমিত বরাদ্দ দিয়ে প্রতি বৎসর সীমিত সংখ্যক শিক্ষাপ্রতিষ্ঠানের নির্মাণ/সম্প্রসারণ/মেরামত ও সংস্কার করা হয়ে থাকে। সীমিত বরাদ্দের সঠিক ব্যবহার নিশ্চিতকল্পে এসকল সরকারি-বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা মাঠ পর্যায়ের চাহিদা ও প্রয়োজনীয়তার নিরীখে নির্বাচন করা আবশ্যক। এ লক্ষ্যে প্রতিটি জেলা ও উপজেলায় জরুরি প্রয়োজনীয় সংখ্যক সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান নির্মাণ/ সম্প্রসারণ/ মেরামত ও সংস্কার/আসবাবপত্র সরবরাহের জন্য অগ্রাধিকার তালিকা নির্ধারণের একটি নির্দেশিকা প্রণয়ন সীমিত অর্থের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করবে।

### ১.২। উদ্দেশ্য:

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান নির্মাণ/ সম্প্রসারণ/ মেরামত ও সংস্কার/ আসবাবপত্র সরবরাহের কাজের জন্য বরাদ্দের স্বল্পতা হেতু অতীব প্রয়োজনীয় শিক্ষা প্রতিষ্ঠান/স্থাপনাসমূহ নির্বাচন করা।

## ২। সংজ্ঞা:

(ক) সরকরি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান: মাধ্যমিক ও উচ্চ বিভাগের অধীন মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, ডিগ্রী/এম.এ কলেজ, শিক্ষক প্রশিক্ষণ কলেজ ও শিক্ষা সংশ্লিষ্ট স্থাপনাসমূহ;
(খ) এসএসসি: সেকেন্ডারী স্কুল সার্টিফিকেট পরীক্ষা;
(গ) এইচএসসি: হায়ার সেকেন্ডারী স্কুল সার্টিফিকেট পরীক্ষা।

## ৩। অগ্রাধিকার নির্ধারণের নিয়ামকসমূহ:

শিক্ষা প্রতিষ্ঠান নির্মাণ/ সম্প্রসারণ/ মেরামত ও সংস্কার/আসবাবপত্র সরবরাহ কাজের অগ্রাধিকার নির্বাচনের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়সমূহ বিবেচনায় নিতে হবে:

(ক) বিগত ৩ বৎসর যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের ভবন নির্মাণ/উর্ধ্বমুখী সম্প্রসারণ করা হয়েছে বা তার অধীন স্থাপনা মেরামত ও সংরক্ষণের আওতায় আনা হয়েছে তা বিবেচনায় না আনা। বিগত বছরগুলোতে কর্মসূচি নেওয়া হয়নি এধরণের শিক্ষা প্রতিষ্ঠান অগ্রাধিকার পাবে;
(খ) অধিক ছাত্র-ছাত্রীর সংখ্যা বিশিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান বেশি গুরুত্ব পাবে;
(গ) এসএসসি ও এইচএসসি পরীক্ষা কেন্দ্র সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান অগ্রাধিকার পাবে;
(ঘ) প্রান্তিক (remote) এলাকার শিক্ষা প্রতিষ্ঠান বেশি গুরুত্ব পাবে;
(ঙ) বন্যা প্রবণ/প্রাকৃতিক দুর্যোগ প্রবণ এলাকার ক্ষতিগ্রস্থ প্রতিষ্ঠান অগ্রাধিকার পাবে;
(চ) শিক্ষা প্রতিষ্ঠানের বৈদ্যুতিক, শৌচাগার নির্মাণ মেরামত ও সংস্কার ও পানি সরবরাহ সংক্রান্ত নির্মাণ/মেরামত ও সংস্কার অগ্রাধিকার পাবে;
(ছ) যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি ও EIIN নম্বর নাই সে সকল প্রতিষ্ঠান বিবেচনা করা যাবে না;
(জ) যে সকল প্রতিষ্ঠানে কাঁচা/সেমিপাকা ভবন বিদ্যমান উক্ত প্রতিষ্ঠানের ভবন নির্মাণে অগ্রাধিকার পাবে।

পৃ.

## ৪। সরকারি/বেসরসকারি শিক্ষা প্রতিষ্ঠানের ভবন নির্মাণ/সম্প্রসারণ/ মেরামত ও সংস্কার:

### ৪.১ সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের ভবন নির্মাণ/সম্প্রসারণ:

শিক্ষা প্রতিষ্ঠানের অবকাঠামো নির্মাণ/সম্প্রসারণের জন্য সরকার রাজস্ব বাজেটের আওতায় প্রতি বৎসর বরাদ্দ প্রদান করছে। চাহিদার তুলনায় এ বরাদ্দ অপ্রতুল বিধায় সম্পদের সুষ্ঠু ব্যবহার ও জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণের জন্য প্রতি বৎসর স্বল্প সংখ্যক শিক্ষা প্রতিষ্ঠানের ভবন নির্মাণ/সম্প্রসারণ করা হচ্ছে। এ স্বল্প সংখ্যক শিক্ষা প্রতিষ্ঠানের ভবনের অগ্রাধিকার তালিকা তৈরি করা অপরিহার্য যা নিম্নরূপভাবে নির্ধারণ করা হবে:

(১) শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের উপজেলা পর্যায়ের স্থানীয় অফিস মাঠ পর্যায়ের চাহিদার আলোকে সংশ্লিষ্ট উপজেলায় সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান নির্মাণ/সম্প্রসারণের একটি খসড়া তালিকা সংশ্লিষ্ট বৎসরের এপ্রিল মাসের মধ্যে প্রণয়ন করবে;

(২) প্রতিটি উপজেলায় নিম্নরূপে গঠিত কমিটি শিক্ষা প্রকৌশল অধিদপ্তর কর্তৃক প্রস্তুতকৃত খসড়া তালিকা যাচাই-বাচাই করে অগ্রাধিকার নির্ধারণপূর্বক উপজেলা পর্যায়ে তালিকা প্রস্তুত করবে।

**কমিটি:**

| ক্র. নং | পদবি | কমিটিতে পদমর্যাদা |
|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ০২ | মাধ্যমিক শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট উপজেলা | সদস্য |
| ০৩ | অধ্যক্ষ, সরকারি কলেজ | সদস্য |
| ০৪ | প্রধান শিক্ষক, সরকারি মাধ্যমিক বিদ্যালয় (পুরাতন) | সদস্য |
| ০৫ | সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর | সদস্য সচিব |

**কমিটির কার্যপরিধি:**

(ক) শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের স্থানীয় কার্যালয় কর্তৃক প্রণীত তালিকা নির্ধারিত নিয়ামকের উপর ভিত্তি করে যাচাই-বাছাই করত: অগ্রাধিকার তালিকা প্রণয়ন করবে;

(খ) উপজেলা কমিটি প্রতি বৎসর মে মাসের মধ্যে এ তালিকা জেলা কমিটি বরাবর প্রেরণ করব;

(গ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক অনুমোদিত তালিকা অনুযায়ী বাস্তবায়নাধীন কাজ তদারকি করবে এবং প্রয়োজনে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ বরাবর প্রতিবেদন প্রেরণ করবে;

(৩) জেলা পর্যায়ে নিম্নরূপে গঠিত কমিটি উপজেলা থেকে প্রাপ্ত তালিকা সমন্বয় করে একটি সমন্বিত ও সংক্ষিপ্ত অগ্রাধিকার তালিকা প্রণয়ন করবে।

**কমিটি:**

| ক্র. নং | পদবি | কমিটিতে পদমর্যাদা |
|---|---|---|
| ০১ | জেলা প্রশাসক | সভাপতি |
| ০২ | অধ্যক্ষ সরকারি কলেজ (জেলার অধিক পুরাতন সরকারি কলেজ) | সদস্য |
| ০৩ | জেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ০৪ | প্রধান শিক্ষক, সরকারি উচ্চ বিদ্যালয়, জেলা সদর | সদস্য |
| ০৫ | নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, সংশ্লিষ্ট জেলা | সদস্য সচিব |

**কমিটির কার্যপরিধি:**

(ক) জেলা কমিটি সকল উপজেলা থেকে প্রাপ্ত তালিকা সমন্বয় করে অগ্রাধিকার ভিত্তিতে একটি সংক্ষিপ্ত তালিকা প্রণয়ন করবে;

(খ) জেলা কমিটি প্রতি বৎসর জুলাই মাসের মধ্যে এ তালিকা প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর এর কার্যালয়ে প্রেরণ করবে;

(গ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক অনুমোদিত তালিকা অনুযায়ী বাস্তবায়নাধীন কাজ তদারকি করবে এবং প্রয়োজনে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ বরাবর প্রতিবেদন প্রেরণ করবে;

(৪) প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর প্রতি বৎসর আগস্ট মাসের মধ্যে প্রাপ্ত তালিকা একত্র করে সম্মিলিত তালিকা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে প্রেরণ করবে।

(৫) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ বিদ্যমান কমিটির মাধ্যমে সেপ্টেম্বর মাসের মধ্যে উক্ত তালিকা যাচাই-বাছাই করে মাননীয় মন্ত্রী/উপদেষ্টার অনুমোদনক্রমে তালিকা চূড়ান্ত করবে।

(৬) জরুরি প্রয়োজন মেটানোর জন্য বাজেট বরাদ্দের ১০% থোক হিসেবে রাখা হবে যা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অনুমোদনক্রমে শিক্ষা প্রতিষ্ঠান/কর্মসূচির তালিকা নির্ধারণ করা হবে।

## ৪.২ সরকারি শিক্ষা প্রতিষ্ঠান মেরামত ও সংস্কার:

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ১৫০০ এর অধিক ভবনাদি/স্থাপনা প্রতিবছর মেরামত ও সংস্কার করা হচ্ছে।। শিক্ষা প্রতিষ্ঠান জাতীয়করণের মাধ্যমে এ সংখ্যা দিন দিন বাড়ছে। এসব সরকারি শিক্ষা প্রতিষ্ঠান মেরামত ও সংস্কার করার নিমিত্তে অগ্রাধিকার তালিকা প্রণয়নের জন্য ইতোপূর্বে ১৮/০৩/২০০৮ তারিখের শাখা/৩/১/জি-৬/২০০৭/১২৪ নং স্মারকে জেলা প্রশাসকের নেতৃত্বে এ বিভাগ কর্তৃক কমিটি গঠন করা হয়েছে। ইতোপূর্বে গঠিত কমিটির পরিবর্তে এই নির্দেশিকার ৪.১(৩) অনুচ্ছেদে গঠিত জেলা কমিটি সরকারি শিক্ষা প্রতিষ্ঠান মেরামত ও সংস্কার কাজের তালিকা প্রণয়ন করবে।

(১) উক্ত কমিটি প্রতি বৎসর জুলাই মাসের মধ্যে মেরামতযোগ্য শিক্ষা প্রতিষ্ঠানের অগ্রাধিকার তালিকা প্রণয়ন করে প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কার্যালয়ে প্রেরণ করবে;

(২) প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর প্রতি বৎসর আগস্ট মাসের মধ্যে প্রাপ্ত তালিকা একত্র করে সম্মিলিত তালিকা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে প্রেরণ করবে;

(৩) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ বিদ্যমান কমিটির মাধ্যমে প্রতি বৎসর সেপ্টেম্বর মাসের মধ্যে উক্ত তালিকা যাচাই-বাছাই করে মাননীয় মন্ত্রী/উপদেষ্টার অনুমোদনক্রমে চূড়ান্ত করবে;

(৪) জরুরি প্রয়োজন মেটানোর লক্ষ্যে বাজেট বরাদ্দের ১০% থোক হিসেবে রাখা হবে যা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অনুমোদনক্রমে শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা নির্ধারণ করা হবে।

## ৪.৩ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান মেরামত ও সংস্কার:

মাধ্যমিক ও উচ্চ বিভাগের আওতাধীন শিক্ষা প্রকৌশল অধিদপ্তর কর্তৃক ২৩,০০০ এর অধিক সংখ্যক বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, গ্রাজুয়েট কলেজ) রক্ষণাবেক্ষণ করা হচ্ছে। সরকারের সীমিত বরাদ্দ দিয়ে প্রতি বৎসর ১০% এরও কম শিক্ষা প্রতিষ্ঠান মেরামত ও সংস্কারের আওতায় আনা হচ্ছে। সীমিত সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকল্পে নিম্নরূপভাবে স্বল্প সংখ্যক শিক্ষা প্রতিষ্ঠানের অগ্রাধিকার তালিকা তৈরি করা অপরিহার্য:

(১) শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের উপজেলা পর্যায়ের স্থানীয় অফিস সংশ্লিষ্ট উপজেলায় বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান মেরামত ও সংস্কারের একটি খসড়া তালিকা সংশ্লিষ্ট বৎসরের এপ্রিল মাসের মধ্যে প্রণয়ন করবে;

(২) এই নির্দেশিকার ৪.১(২) অনুচ্ছেদে গঠিত উপজেলা কমিটি প্রতি বৎসর মে মাসের মধ্যে শিক্ষা প্রকৌশল অধিদপ্তর কর্তৃক প্রস্তুতকৃত খসড়া তালিকা যাচাই-বাচাইপূর্বক অগ্রাধিকার নির্ধারণপূর্বক উপজেলা পর্যায়ে অগ্রাধিকার তালিকা প্রস্তুত করে সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ে প্রেরণ করবে। নির্বাহী প্রকৌশলী সকল উপজেলার তালিকা একত্র করে জুলাই মাসের মধ্যে প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর এর দপ্তরে প্রেরণ করবে;

(৩) প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর প্রতি বৎসর আগস্ট মাসের মধ্যে প্রাপ্ত অগ্রাধিকার তালিকা একত্র করে সম্মিলিত তালিকা প্রণয়ন করে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে প্রেরণ করবে;

(৪) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ বিদ্যমান কমিটির মাধ্যমে প্রতি বৎসর সেপ্টেম্বর মাসের মধ্যে উক্ত তালিকা যাচাই-বাছাই পূর্বক মাননীয় মন্ত্রী/ উপদেষ্টার অনুমোদনক্রমে চূড়ান্ত করবে;

(৫) জরুরি প্রয়োজন মেটানোর লক্ষ্যে বাজেট বরাদ্দের ১০% থোক হিসেবে রাখা হবে যা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অনুমোদনক্রমে শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা নির্ধারণ করা হবে।

**৪.৪ সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে আসবাবপত্র সরবরাহ:**

সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের আসবাবপত্র সরবরাহের জন্য প্রতি বৎসর পরিচালন বাজেটে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরকে বরাদ্দ প্রদান করা হয়। এ বরাদ্দ প্রয়োজনের তুলনায় অপ্রতুল বিধায় এর সর্বোত্তম ব্যবহারের জন্য নিম্নরূপভাবে অগ্রাধিকার তালিকা প্রণয়ন করা হবে:

(ক) পরিচালন বাজেটের আওতায় নির্মিত ভবন/সম্প্রসারিত ভবনের আসবাবপত্র সরবরাহ কাজ অগ্রাধিকার পাবে;

(খ) অবশিষ্ট অর্থ শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের মাঠ পর্যায়ের চাহিদার ভিত্তিতে প্রধান প্রকৌশলীর দপ্তর তালিকা প্রস্তুত করত: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের চূড়ান্ত অনুমোদন গ্রহণ করবে।

**০৫। সিটি কর্পোরেশন এলাকায় সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসহ অনাবাসিক স্থাপনা নির্মাণ/সম্প্রসারণ/মেরামত ও সংস্কার:**

১। সিটি কর্পোরেশন এলাকায় নিম্নরূপে গঠিত কমিটি সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান নির্মাণ/সম্প্রসারণ/মেরামত ও সংস্কার কাজের অগ্রাধিকার তালিকা প্রস্তুত করবে:

| ক্র. নং | পদবি | কমিটিতে পদমর্যাদা |
|---|---|---|
| ০১ | বিভাগীয় কমিশনার, সংশ্লিষ্ট বিভাগ | সভাপতি |
| ০২ | অধ্যক্ষ, সরকারি কলেজ (সিটি কর্পোরেশন এলাকার অধিক পুরাতন সরকারি কলেজ) | সদস্য |
| ০৩ | আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, সংশ্লিষ্ট বিভাগ | সদস্য |
| ০৪ | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), সংশ্লিষ্ট জেলা | সদস্য |
| ০৫ | প্রধান শিক্ষক, সরকারি উচ্চ বিদ্যালয় (সিটি কর্পোরেশন এলাকার অধিক পুরাতন সরকারি উচ্চ বিদ্যালয়) | সদস্য |
| ০৬ | প্রতিনিধি, সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন (তার আওতায় শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা সাপেক্ষে) | সদস্য |
| ০৭ | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সংশ্লিষ্ট জোন/সার্কেল | সদস্য |
| ০৮ | নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর | সদস্য সচিব |

**কমিটির কার্যপরিধি:**

(ক) সিটি কর্পোরেশন এলাকার শিক্ষা প্রতিষ্ঠান নির্মাণ/সম্প্রসারণ/মেরামত ও সংস্কার কাজের খসড়া তালিকা সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী প্রণয়ন করবে;

(খ) কমিটি প্রতি বৎসর জুলাই মাসের মধ্যে যাচাই-বাছাইপূর্বক অগ্রাধিকার তালিকা প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর এর কার্যালয়ে প্রেরণ করবে;

(গ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক অনুমোদিত তালিকা অনুযায়ী বাস্তবায়নাধীন কাজ তদারকি করবে এবং প্রয়োজনে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ বরাবর প্রতিবেদন প্রেরণ করবে।

(২) প্রধান প্রকৌশলী প্রতি বছর আগস্ট মাসের মধ্যে প্রাপ্ত তালিকা একত্র করে সম্মিলিত তালিকা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে প্রেরণ করবে;

(৩) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ বিদ্যমান কমিটির মাধ্যমে প্রতি বৎসর সেপ্টেম্বর মাসের মধ্যে উক্ত তালিকা যাচাই-বাছাই করে মাননীয় মন্ত্রী/উপদেষ্টার অনুমোদনক্রমে চূড়ান্ত করবে;

(৪) জরুরি প্রয়োজন মেটানোর লক্ষ্যে বাজেট বরাদ্দের ১০% থোক হিসেবে রাখা হবে যা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অনুমোদনক্রমে শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা নির্ধারণ করা হবে।

**০৬। বাস্তবায়ন ও পরিবীক্ষণ:**

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান নির্মাণ/সম্প্রসারণ/মেরামত ও সংস্কার কাজের তালিকা অনুমোদিত হবার পর শিক্ষা প্রকৌশল অধিদপ্তর উক্ত অনুমোদিত তালিকা মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ও মাঠ পর্যায়ের কর্মকর্তা যেমন: সংশ্লিষ্ট সকল জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী কর্মকর্তা, জেলা শিক্ষা কর্মকর্তা, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অবহিত করবে।

(ক) শিক্ষা প্রকৌশল অধিদপ্তর পিপিএ ২০০৬ ও পিপিআর ২০০৮ অনুযায়ী ঠিকাদার নির্বাচনপূর্বক গুণগতমান বজায় রেখে কাজ বাস্তবায়ন করবে;

(খ) কাজটি সমাপ্ত হলে শিক্ষা প্রতিষ্ঠান/প্রতিষ্ঠান প্রধানকে হস্তান্তর করতে হবে ও হস্তান্তর সাপেক্ষে ঠিকাদারের চূড়ান্ত বিল পরিশোধ করেবে;

৩৩.

(গ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, , শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের প্রধান কার্যালয়, আঞ্চলিক কার্যালয় ও সার্কেল অফিস সময়ে সময়ে বাস্তবায়নাধীন ও বাস্তবায়িত কর্মসূচিসমূহ সরেজমিন পরিদর্শনপূর্বক কাজের গুণগতমান পরিবীক্ষণ করবে।

০৭। নির্দেশিকায় যেভাবেই উল্লেখ থাকুক না কেন প্রচলিত সরকারি আইন/বিধি প্রধান্য পাবে।

স্বাক্ষরিত/-
তারিখ: ০৭/১০/২০২৪
ড. শেখ আব্দুর রশীদ
সিনিয়র সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা

নম্বর : ৩৭.০০.০০০০.০৮৩.৭৪.০০৮.১৮ (অংশ-১)-৩২১/১(১২০) তারিখ: ০৬ অগ্রহায়ন ১৪৩১ / ২১ নভেম্বর ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ/উন্নয়ন/উন্নয়ন-২/বিশ্ববিদ্যালয়/মাধ্যমিক-১২/কলেজ, নিরিক্ষা ও আইন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। বিভাগীয় কমিশনার ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/কুমিল্লা/ময়মনসিংহ/বরিশাল/রংপুর/সিলেট অঞ্চল
৩। জেলা প্রশাসক (সকল)-------------------------------------------;
৪। অধ্যক্ষ, সরকারি কলেজ (সকল)--------------------------------;
৫। প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা;
৬। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), সংশ্লিষ্ট জেলা প্রশাসক
৭। উপদেষ্টার একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ----------------- সার্কেল;
৯। সিনিয়র সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১০। বিশেষ সহকারী (প্রতিমন্ত্রীর পদমর্যদা) এর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/কুমিল্লা/ময়মনসিংহ/বরিশাল/রংপুর/সিলেট অঞ্চল;
১২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)----------------------------------;
১৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/কুমিল্লা/ময়মনসিংহ/বরিশাল/রংপুর/সিলেট অঞ্চল
১৪। জেলা শিক্ষা অফিসার (সকল)-----------------------------------------;
১৫। নির্বাহী প্রকৌশলী (সকল)------------------------------------------;
১৬। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
১৭। মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)-----------------------------------------;
১৮। অধ্যক্ষ, বেসরকারি কলেজ (সকল)----------------------------------------;
১৯। প্রধান শিক্ষক, সরকারি উচ্চ বিদ্যালয় (সকল)----------------------------------;
২০। প্রধান শিক্ষক, বেসরকারি উচ্চ বিদ্যালয় (সকল)----------------------------; এবং
২১। অফিস কপি।

২১/১১/২৪
মো: মনিরুল ইসলাম মিলন
সহকারী সচিব (উন্নয়ন-৩)
ফোন: ৫৫১০১১০৪
E-mail: ds_dev3@moedu.gov.bd